মেহেরপুরে তিন দিনব্যাপী আম মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের আওতায় তিন দিনব্যাপী আম মেলার সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৩ জুন) বিকেলে মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের খামারবাড়ি প্রাঙ্গণে এ সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ সামছুল আলম।

সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক শায়খুল ইসলাম, সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. মনিরুজ্জামান, কৃষি প্রকৌশলী সুবল চন্দ্র মণ্ডল, উপ-সহকারী কৃষি কর্মকর্তা চায়না পারভিন, এআইও সাহাদুল ইসলাম এবং আম চাষি সাইদুর রহমান শাহীন প্রমুখ।

পরে আম মেলায় অংশগ্রহণকারী স্টল মালিকদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এতে প্রথম স্থান অর্জন করে এস. আর. এগ্রো-এর সাইদুর রহমান, দ্বিতীয় স্থান লাভ করে মুজিবনগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং তৃতীয় হয় মেহেরপুর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত ১৫ দিনব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের বৃক্ষরোপণ কার্যক্রম চলমান রয়েছে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রিয়াজ শেখ এবং মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রাকিব ও সাধারণ সম্পাদক মোঃ জাকারিয়া মোল্লা।

প্যারোলে মুক্তি পেয়ে মায়ের জানাজায় ইউপি চেয়ারম্যান

প্যারোলে দুই ঘণ্টার মুক্তি পেয়ে মায়ের জানাজায় অংশ নিয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও যুবলীগ নেতা আনোয়ার হোসেন পাশা। আজ মঙ্গলবার (২৪ জুন) সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত এই সময়সীমায় তাকে প্যারোলে মুক্তি দেওয়া হয়।

চেয়ারম্যান পাশার মা গতকাল সোমবার (২৩ জুন) কুষ্টিয়ার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। বিষয়টি জানার পর তার পরিবার জেলা প্রশাসনের কাছে প্যারোলে মুক্তির আবেদন করে। প্রশাসন আবেদন মঞ্জুর করলে মেহেরপুর কারাগার থেকে পুলিশ প্রহরায় পাশাকে তার নিজ গ্রাম মিনাপাড়ায় নেওয়া হয়।

মিনাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তার মায়ের দাফন সম্পন্ন হয়। পরে আবারও কড়া প্রহরায় পাশাকে মেহেরপুর কারাগারে ফিরিয়ে আনা হয়।

জানাজায় এলাকার শত শত সাধারণ মানুষ, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। এলাকাবাসীর চোখে অশ্রু দেখা যায় এই সময়।

উল্লেখ্য, ২০২৩ সালের আগস্টের পরবর্তী সময়ে নাশকতার একটি মামলায় আনোয়ার হোসেন পাশা গ্রেপ্তার হন এবং বর্তমানে তিনি মেহেরপুর জেলা কারাগারে বন্দি আছেন।

গাংনী মহিলা কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে সনদ ও অর্থ আত্মসাতের তদন্ত

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রি কলেজে দুর্নীতি দমন কমিশন (দুদক) অভিযান চালিয়েছে। কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর বিরুদ্ধে ভুয়া শিক্ষাগত সনদ ও বয়স জালিয়াতি করে পদে বহাল থাকার অভিযোগসহ অর্থ আত্মসাতের প্রাথমিক সত্যতা মিলেছে বলে জানিয়েছেন অভিযানে অংশ নেওয়া কর্মকর্তারা।

আজ মঙ্গলবার (২৪ জুন) দুপুর ১২টার দিকে দুদক কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক বুলবুল আহমেদের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানের সময় কলেজের বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখেন দুদক কর্মকর্তারা।

দুদক সূত্রে জানা গেছে, অধ্যক্ষ খোরশেদ আলী ভুয়া সার্টিফিকেট ব্যবহার করে দীর্ঘদিন ধরে অধ্যক্ষ পদে বহাল রয়েছেন। এছাড়া কলেজের বিভিন্ন ফান্ডের টাকা অনিয়মের মাধ্যমে আত্মসাৎ করারও অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। এসব অভিযোগের ভিত্তিতে সরেজমিনে তদন্ত চালাতে কলেজে যায় দুদকের একটি দল। অভিযান চলাকালে অধ্যক্ষ খোরশেদ আলী কলেজে উপস্থিত ছিলেন না। তবে অভিযানের সময় কলেজে চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং অনেক শিক্ষক-কর্মচারী দুদক কর্মকর্তাদের তথ্য দিয়ে সহযোগিতা করেন বলে জানান তারা।

দুদকের সহকারী পরিচালক বুলবুল আহমেদ বলেন, “আমরা কমিশনের আদেশে গাংনী মহিলা ডিগ্রি কলেজে অভিযান পরিচালনা করেছি। কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর বিরুদ্ধে জন্ম সনদ, সার্টিফিকেট জালিয়াতি ও কলেজের অর্থ আত্মসাতের অভিযোগ রয়েছে। অধ্যক্ষ ছুটিতে থাকায় আজ তাঁকে কলেজে পাইনি। তবে আমরা সমস্ত কাগজপত্র চেয়েছি। কিছু হিসাব চেয়েছি, যেগুলো তিনি দিতে পারেননি, পরে দিবেন বলে জানিয়েছেন। প্রাথমিকভাবে অর্থ আত্মসাতের সত্যতা মিলেছে। পরবর্তীতে কাগজপত্র যাচাই-বাছাই শেষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

# [redacted]!

[redacted]

[redacted]

[redacted]

স্থানীয়রা জানান, সাম্প্রতিক সময়ে বোমা, কাফনের কাপড় এবং চিরকুট উদ্ধারের ঘটনায় আমরা আতংকিত হয়ে পড়েছি। পুলিশ আজো এসব ঘটনায় জড়িতদেরকে সনাক্ত ও আটক করতে পারেনি। চরগোয়াল গ্রামের বাসন্দারা জানান, বোমা ও চিরকুট আমাদের গ্রাম থেকে উদ্ধার করা হয়েছে। এর সাথে জড়িতদের বের করে আইনের হাতে না দিলে আমার গ্রামের অবস্থা খুবই খারাপের দিকে যাবে।
গাংনী উপজেলা পরিষদের সাবেক নারী ভাইস চেয়ারম্যান্ আন্জুমান আরা বলেন, বিভিন্ন গ্রামের বোমা রাখছে দূর্বৃত্তরা। মানুষকে হুমাকি দিচ্ছে। এগুলিকে দ্রত দতন্ত আইনের আওতায় না আনলে আইনশৃঙ্খলার চরম অবনতি হবে।

গাংনী পৌরসভার প্রথম মেয়র সন্ত্রাসীদের বোমা হামলায় নিহত আমিরুল ইসামের ছেলে গাংনী বাজার কমিটির সভাপতি সালাউদ্দিন শাওন বলেন. আমার বাবাকে গাংনী বাজারে বোমা মেরে হত্যা করে সন্ত্রাসীরা। আমরা তার বিচার আজও পাইনি।

গাংনী বাজারের ব্যবসায়ী বকুল, সাবেক চেয়ারম্যান বজলুর রহমান, মঙ্গল স্বর্নকারকে বোমা হামলায় হত্যা করেছিল সন্ত্রীনরা। বর্তমানে বোমা আতংক ছড়িয়েছে গাংনীতে। পুলিশ দ্রত তদন্ত করে দোষীদের আইনে সোপর্দ করতে হবে। তা না হলে গাংনী আবারও রক্তাক্ত জনপদে পরিনত হবে।

গাংনী থানা ওসি (তদন্ত) মো: আল মামুন-বলেন, বোমা সাদৃশ বেশ কয়েকটি বস্ত উদ্ধার করা হয়েছে। এগুলি বোমা কিনা তা পরীক্ষা করে বোমাবাজ ও সন্ত্রাসীদেরকে চিহ্নিত করতে মাঠে কাজ করছে পুলিশ।

মুজিবনগরে দিনব্যাপি কাব কার্নিভাল অনুষ্ঠিত

মুজিবনগরে শিক্ষার্থীদের স্বাবলম্বী জনসেবা মূলক কাজে অংশগ্রহণ এবং সমাজ ও দেশ বিনির্মাণে কার্যকর ভূমিকা ও সমাজের উন্নয়নে স্বেচ্ছাসেবক মূলক কাজে অংশগ্রহণে উৎসাহিত করতে দিন ব্যাপি কাব কার্নিভাল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল বাংলাদেশ স্কাউটস মুজিবনগর উপজেলার আয়োজনে এবং বাংলাদেশ স্কাউটস, প্রোগ্রাম বিভাগের ব্যবস্থাপনায়, ভবরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত দিনব্যাপি কাব কার্নিভাল মুজিবনগর উপজেলা নির্বাহী ও স্কাউটস এর সভাপতি পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে স্কাউটস পতাকা উত্তোলনের মধ্য দিয়ে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, স্কাউটস এর সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, স্কাউটস কমিশনার রুথ ছবি বিশ্বাস, ক্যাশিয়ার গোলাম ফারুক, কাব লিডার শাজাহান শেখ, স্কাউটস লিডার মফিজুর রহমান সহ উপজেলা ৩০ টি স্কুল এর ১৮০ জন শীক্ষার্থী, ৩০ জন ইউনিট লিডার এবং ৮ জন কর্মকর্তা ৮ জন সেচ্ছাসেবক এবং ১৫ জন অতিথি উপস্হিত ছিলেন, ডিম ব্যাপী বিভিন্ন শিক্ষা মূলক ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ক্যাম্প ফায়ারের মধ্যে দিয়ে শেষ হয় দিন ব্যাপি কাব কার্নিভাল।

মেহেরপুরে দিনব্যাপী কাব কার্নিভাল উদ্বোধন

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর সদর উপজেলার উদ্যোগে এবং স্কাউট প্রোগ্রাম বিভাগের ব্যবস্থাপনায় দিনব্যাপী ‘কাব কার্নিভাল ২০২৫’ উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা স্কাউট ভবন (কবি নজরুল শিক্ষা মঞ্জিল) মাঠে এ অনুষ্ঠানের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা স্কাউটসের সভাপতি মো. খায়রুল ইসলাম।

প্রার্থনা সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা ও কাব পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা হয়। প্রার্থনা সংগীত পরিবেশন করে তেরোঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাব সদস্য মুসলিমা খাতুন।

সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফারুক উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সদর উপজেলা স্কাউটসের সম্পাদক আশরাফুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন জেলা স্কাউটসের সাধারণ সম্পাদক আবুল হোসেন, উপজেলা কমিশনার শফিকুল ইসলাম মিন্টু, যুগ্ম সম্পাদক মিনারুল ইসলাম, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, তেরোঘরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ইউনিট লিডার মঞ্জু খাতুনসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

প্রধান অতিথির বক্তব্যে মো. খায়রুল ইসলাম বলেন, আগামীর বাংলাদেশকে নিরাপদ রাখতে আজ থেকেই শিশুদের প্রস্তুতি নিতে হবে। ভালো মানুষ হতে হলে কাব আন্দোলনের শিক্ষা গ্রহণ করে জীবনকে সঠিক পথে পরিচালিত করতে হবে। প্রতিকূল পরিবেশে টিকে থাকতে স্কাউটিং এর বিকল্প নেই।

মেহেরপুরে ডেঙ্গু ও করোনা প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত

মেহেরপুরে ডেঙ্গু ও করোনা প্রতিরোধ বিষয়ক জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ও স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সভায় ডেঙ্গু ও করোনা সংক্রমণ রোধে সচেতনতামূলক কার্যক্রম

জোরদার, পরিচ্ছন্নতা অভিযান, চিকিৎসা প্রস্তুতি, জনসচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন সরকারি দপ্তরের মধ্যে সমন্বয় জোরদারের উপর গুরুত্বারোপ করা হয়।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, “ডেঙ্গু ও করোনা উভয় রোগই জনস্বাস্থ্যের জন্য হুমকি। এ দুটির প্রতিরোধে সম্মিলিত উদ্যোগ ও জনসচেতনতা সৃষ্টি অত্যন্ত জরুরি।”

সভায় উপস্থিত ছিলেন মেহেরপুরের সিভিল সার্জন ডা. এ.কে.এম. আবু সাইদ,অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. শাহারিয়ার শাইলা জামান, মেডিকেল অফিসার ডা. মো. ইনজামামুল হক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হযরত আলী, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন প্রমুখ।

মেহেরপুর সরকারি কলেজে ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেমিনার

মেহেরপুরে দিনব্যাপী ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

এনআরবিসি ব্যাংক পিএলসি এর উদ্যোগে এবং মেহেরপুর সরকারি কলেজের সহযোগিতায় সোমবার (২৩ জুন) সকালে কলেজের মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ খেজমত আলী মালিথার সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম নজরুল কবির।
এনআরবিসি ব্যাংক মেহেরপুর শাখার ব্যবস্থাপক মুনির আহমেদের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের কুষ্টিয়া শাখার ব্যবস্থাপক শেখ মোশাররফ আলী।

বিশেষ আলোচক হিসেবে বক্তব্য রাখেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ কাওছার আলী, ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক এস. এম. আশরাফুল হাবিব এবং এনআরবিসি ব্যাংকের খুলনা ও বরিশাল বিভাগের এফভিপি ও জেনারেল হেড মোঃ আব্দুল হামিদ।

সেমিনারে শিক্ষার্থীদের মাঝে ব্যাংকিং সেক্টরে ক্যারিয়ার গঠনের সম্ভাবনা, কর্পোরেট দক্ষতা, আধুনিক ব্যাংকিং পদ্ধতি ও আত্মউন্নয়নমূলক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

গাংনীতে ওয়ার্ড যুবলীগের সভাপতি গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দ্রুত বিচার আইনে দায়ের করা মামলার সন্দিগ্ধ আসামি ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলীম (৪৫) কে গ্রেফতার করেছে।

আব্দুল আলীম গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের মৃতু হানিফ আলীর ছেলে। সে ধানখোলা ইউনিয়ন যুবলীগের ২ নং ওয়ার্ডের (জুগিন্দা গ্রামের) সভাপতি।

গতকাল শনিবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, আব্দুল আলীম গাংনী থানায় দ্রুত বিচার আইনে দায়ের করা মামলা নং ১৭, তারিখ ১৪/০৪/২৫ এর সন্দিগ্ধ আসামি।

আজ রবিবার দুপুরে গ্রেফতারকৃত আব্দুল আলীমকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয়রা জানান, বিগত আওয়ামীলীগ সরকারের আমলে এলাকার বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের